

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.৫১২.০০৬.০০.০০.০০৫.২০১০-৩৩৪

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪১৮
১৩ ডিসেম্বর ২০১১


পরিপত্র

বিষয় : মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণকে বিভিন্ন কমিটিতে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ব্যতিরেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থা কর্তৃক বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকসহ মাঠ প্রশাসনের বিভিন্ন কর্মকর্তাকে বিভিন্ন কমিটিতে অন্তর্ভুক্ত করা হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগ এ সম্পর্কে অবহিত না থাকায় নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে।

২। Rules of Business, 1996-এর Schedule-I (Allocation of Business among the Different Ministries and Divisions) অনুযায়ী বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সাধারণ প্রশাসন এবং আন্তঃমন্ত্রণালয় সমন্বয় মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। এক্ষেত্রে মাঠ প্রশাসনের কোন কর্মকর্তাকে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তা সমন্বয়ে গঠিত কোন কমিটিতে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণের আবশ্যিকতা রয়েছে। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ও প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে অধিদপ্তর/সংস্থা কর্তৃক সরাসরি এ ধরনের কোন কমিটি গঠন সমীচীন নয়।

৩। এমতাবস্থায়, কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কোন কমিটি গঠনকালে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক বা মাঠ প্রশাসনের অন্য কোন কর্মকর্তাকে কমিটিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা অনুভূত হলে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।


(ফাতেমা রহিম ভীনা)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬৮৩৯৬

সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

.....মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি :

১। বিভাগীয় কমিশনার (সকল)

.....বিভাগ।

২। জেলা প্রশাসক (সকল)

.....জেলা।